

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২২, ২০১১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২শে জুন, ২০১১/৮ই আষাঢ়, ১৪১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২১শে জুন, ২০১১ (৭ই, আষাঢ়, ১৪১৮) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১১ সনের ৯ নং আইন

২০১১ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০১১ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন “নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১১” নামে অভিহিত হইবে।

২। ২০১০-২০১১ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৭৭৭৯,০২,৮৫,০০০ (সাত হাজার সাতশত ঊনআশি কোটি দুই লক্ষ পঁচাশি হাজার) টাকা প্রদান।—২০১১ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে

(৬০৮৯)

মূল্য : টাকা ২.০০

সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৭৭৭৯,০২,৮৫,০০০ (সাত হাজার সাতশত ঊনআশি কোটি দুই লক্ষ পঁচাশি হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১১ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
	রাষ্ট্রপতির কার্যালয়	২,০৭,৬৭	০	২,০৭,৬৭
০১	জাতীয় সংসদ	৬,৪০,২১	১৪,৪৩,০০	২০,৮৩,২১
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	২০৩,০৮,০১	২০৩,০৮,০১
০৫	জনপ্রশাসন মন্ত্রণালয়	০	১৯৩,৯৩,৬০	১৯৩,৯৩,৬০
০৬	সরকারি কর্ম কমিশন	২,৫০,৯৩	৫,০০,০০	৭,৫০,৯৩
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	০	৫১,১০,২৯	৫১,১০,২৯
১৩	পরিসংখ্যান বিভাগ	০	১২৪,৮৯,৬৫	১২৪,৮৯,৬৫
১৫	পররাষ্ট্র মন্ত্রণালয়	০	১৫,৫২,৮৩	১৫,৫২,৮৩
১৬	প্রতিরক্ষা মন্ত্রণালয়	- ৯০০,০০	২৩২,৫৬,১২	২২৩,৫৬,১২
১৭	আইন ও বিচার বিভাগ	০	৫৯,৫৩,৭৩	৫৯,৫৩,৭৩
১৮	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	৭৬৫,৬৩,৯১	৭৬৫,৬৩,৯১
১৯	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০	৭,৬৫,৫৫	৭,৬৫,৫৫
২১	শিক্ষা মন্ত্রণালয়	০	২৯০,৩৩,৪৭	২৯০,৩৩,৪৭
২৭	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৩০,৫৩,৬৪	৩০,৫৩,৬৪
২৮	তথ্য মন্ত্রণালয়	০	২০,৬৮,৯৭	২০,৬৮,৯৭
২৯	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০	২২,৪৬,৭০	২২,৪৬,৭০

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ		অনধিক টাকা		
	হিসাবের প্রধান খাতসমূহ		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২		৩	৪	৫
৩১	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়		০	৪৯,৬৩,৪৫	৪৯,৬৩,৪৫
৩৫	বস্ত্র ও পাট মন্ত্রণালয়		০	৩৯,২৩,৪৩	৩৯,২৩,৪৩
৩৬	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ		০	১৫৪,৯৫,৭০	১৫৪,৯৫,৭০
৩৭	কৃষি মন্ত্রণালয়		০	১৬৯৭,১৬,৯২	১৬৯৭,১৬,৯২
৪০	ভূমি মন্ত্রণালয়		০	১৩,৬৪,৩৮	১৩,৬৪,৩৮
৪১	পানি সম্পদ মন্ত্রণালয়		০	৮৪,৮৪,৩৮	৮৪,৮৪,৩৮
৪২	খাদ্য বিভাগ		- ২৬১,৯৫	১৯০১,৮৮,৬৯	১৮৯৯,২৬,৭৪
৪৩	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ		০	৪২২,৫৯,১৫	৪২২,৫৯,১৫
৪৪	সড়ক ও রেলপথ বিভাগ		০	২২৫,৭০,৬৩	২২৫,৭০,৬৩
৪৭	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়		০	৩০,৮৫,৬৮	৩০,৮৫,৬৮
৪৯	বিদ্যুৎ বিভাগ		০	৯৮৬,৯৮,১৫	৯৮৬,৯৮,১৫
	সুপ্রীমকোর্ট		১৯,৮৫,০০	০	১৯,৮৫,০০
৫০	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়		০	৩৪,৭৬,৭০	৩৪,৭৬,৭০
৫১	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়		০	৭৬,১৬,৫৩	৭৬,১৬,৫৩
৫২	দুর্নীতি দমন কমিশন		০	৩,৯৭,৭৩	৩,৯৭,৭৩
	মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী		১৯,২১,৮৬	৭৭৫৯,৮০,৯৯	৭৭৭৯,০২,৮৫

আশফাক হামিদ
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd